

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ইং অর্থ বছরের এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। বর্ণিত e-PRV Maintenance সময়ের চিত্র।
- ৫। চেম্বারের তালিকা।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Servicing and Maintenance of e-PRV & Strainers of Water Transmission Network of SWTP.

০১। ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার রয়েছে। উক্ত ভাল্ব গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্ত: সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ব ও ভাল্ব চেম্বারগুলো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, Mazhar Road(PJT-01), Panthapath Square Hospital(ST-29) and Gulshan Link Road(ST-38) সহ মোট তিনটি ই-পিআরভি এবং স্ট্রেনারে ফিল্টার মেশ ব্লক হওয়ার কারনে আউটপুটে প্রয়োজনীয় প্রেসারে পানি সরবরাহ করা যাচ্ছে না। ফলে সংশ্লিষ্ট এলাকা গুলিতে পানির প্রেসার কম হওয়ার সম্ভাবনা রয়েছে। বিধায় জরুরী ভিত্তিতে উক্ত তিনটি e-PRV & Strainer এর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা প্রয়োজন।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের এর ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৯,৫৯৪.০৩৩ (উনপঞ্চাশ হাজার পাঁচশত চুরানব্বই দশমিক শূন্য তিন তিন) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগের এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ এর খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৯৭ এবং প্যাকেজ নং- EU17 তে অর্ন্তভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান Sadika Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ'ল।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Servicing and Maintenance of e-PRV & Strainers of Water Transmission Network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি Sadika Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৯,৫৯৪.০৩৩ (উনপঞ্চাশ হাজার পাঁচশত চুরানব্বই দশমিক শূন্য তিন তিন) টাকা এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

স্বাক্ষরিত
২৪/১১/২৫
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

স্বাক্ষরিত
২৪/১১/২৫
মোঃ শশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
মহা শাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

স্বাক্ষরিত
২৪/১১/২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

স্বাক্ষরিত
২৪/১১/২৫
মিজী বোশাম কিবিরিয়া
ভূমিস্বত্ব প্রকৌশলী
পাটনখো সার্কেল, ঢাকা ওয়াসা।

০৪। স্বাক্ষর অনুমোদিত,

৪৫, ৪৬, ৪৭, ৪৮
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা